মেহেরপুরে অপর অংশের ছাত্রদলের ৪১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে ছাত্রদলের ৪১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। মেহেরপুর পৌর ঈদগাহ সংলগ্ন জেলা বিএনপি’র কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক কর্মচারি ঐক্য জোটের অতিরিক্ত মহাসচিব জাকির হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ,
বিএনপি নেতা অ্যায. মকলেছুর রহমান, ইউনুস আলী, একরামূল হক একা, জেলা যুবদলের সহ সাংগঠনিক সম্পাদক আলতাব হোসেন,

জেলা ছাত্রদলের সহ সম্পাদক লিটন উদ্দিন, ফরিদুল ইসলাম, সহ সাংগঠনিক সম্পাদক গিয়াস উদ্দিন, ছাত্রদল নেতা ইয়াছিন, রুবেল, বাছিম প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি। পরে নেতা কর্মিদের নিয়ে একটি র্যালী বের করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

কোটচাঁদপুরে উৎসব মূখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বই

বিতরণ

“শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ” এই প্রতিপাদ্য নিয়ে সারা দেশের ন্যায় ঝিনাইদহের কোটচাদপুর উপজেলার বিভিন্ন স্কুল-মাদরাসায় উৎসব মূখর পরিবেশে বই বিতরণ করা হয়েছে।

বুধবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় মিলনায়তনে শিক্ষার্থীদের হাতে বছরের নুতন বই তুলে দেয়া হয়।

প্রধান শিক্ষক মোঃ মফিজুর রহমানের সভাপতিত্বে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার ও কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি নাজনীন সুলতানা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, সহকারি প্রধাণ শিক্ষক এমদাদুল হক, প্রেসক্লাব সভাপতি শেখ নজরুল ইসলাম,সাংবাদিক এসএম রায়হান উদ্দীন প্রমূখ।

অপরদিকে উপজেলার পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় মিলনায়তনে আনুষ্ঠানিক ভাবে উৎসব মূখর পরিবেশে বই বিতরণ করা হয়।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ গোলাম সরওয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইসাহাক আলী, সহকারি প্রধান শিক্ষক হুমায়ন কবির,সাংবাদিক মঈন উদ্দীন খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা।

এবছর উপজেলার ২২ টি মাধ্যমিক ৩ টি নিম্ন মাধ্যমিক ও ৯ টি মাদরাসায় ১ লক্ষ ৪৮ হাজার ৩’শ বই বিতরণ করা হয়।

– মঈন খান.কোটচাঁদপুর

মেহেরপুরে দূর্নীতিমুক্ত জনবান্ধব ভূমিসেবার অঙ্গিকার

দূর্নীতিমুক্ত, স্বচ্ছ ও জনবান্ধব ভূমিসেবা নিশ্চিত করতে শপথ গ্রহণ করেন মেহেরপুরের সহকারি কমিশনার (ভূমি) ইমতিয়াজ আহমেদ মাঈনুদ্দিনের নেতৃত্বে কর্মকর্তারা শপথ নিয়েছেন।

বুধবার সকালে বছরের প্রথম দিনে সার্ভেয়ার, কানুনগো ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নিয়ে তিনি শপথ নেন। এসময় সকল কর্মকর্তাকে নতুন বছর উপলক্ষে শুভেচছা উপহার প্রদান করেন।

সহকারি কমিশনার (ভূমি) ইমতিয়াজ আহমেদ মাঈনুদ্দিন জানান, পুরনো বছরের ক্রটি-বিচ্যুতি পেছনে ফেলে নতুন বছরে আমরা সেবাগ্রহিতাদের উত্তম সেবা দেওয়ার শপখ নিয়েছি। আমাদের সকল কর্মকর্তা-কর্মচারীও এ অঙ্গিকার করেছেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বি এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ

মেহেরপুর বি এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে স্কুলের শিক্ষার্থীদের মাঝে নতুন বই উৎসবের আয়োজন করা হয়।

বুধবার সকালে স্কুলের বি এম সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরায়া পারভীনসহ বি এম সরকারি বিদ্যালয়ের সভাপতি আব্দুল হালিম বই উৎসবের উদ্বোধন ঘোষণা করেন।

এসময় অন্যদের মধ্যে বি এম সরকারি বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা সেখানে উপস্থিত ছিলেন।

নতুন বছরের প্রথম দিনেই সারা দেশে বই উৎসব শুরু হয়েছে। বছরের

প্রথম দিনেই নতুন বই পেয়ে উল্লাসিত সারাদেশের বিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীরা।

প্রায় সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসায় বুধবার শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হচ্ছে বিনামূল্যের নতুন পাঠ্যবই। এজন্য দেশের প্রতিটি বিদ্যালয়ে লেগেছে উৎসবের ছোঁয়া। খালি হাতে বিদ্যালয়ে যাওয়া শিক্ষার্থীরা বাড়ি ফিরেছে নতুন বই নিয়ে, হাসিমুখে।

বছরের শুরুর দিনে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের হাতে বিনা মূল্যের পাঠ্যবই তুলে দেওয়ার এই কর্মসূচির নাম দেওয়া হয়েছে বই উৎসব দিবস।

গতকাল গণভবনে কয়েকজন শিক্ষার্থীর হাতে বই তুলে দিয়ে এই কর্মসূচির উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে মূল উৎসব হচ্ছে আজ।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে মেহেরপুর জেলা পর্যায়ে প্রাথমিক পর্যায়ে এ উৎসবের উদ্বোধন করা হয়েছে ।

পরে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে প্রাথমিক পর্যায়ের জেলা পর্যায়ে উৎসবের উদ্বোধন ঘোষণা করা হয়।

একমাত্র পরীক্ষার্থীও ফেল

২০১৯ সালে অনুষ্ঠিত পিইসি পরীক্ষায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে একজন মাত্র পরীক্ষার্থী অংশগ্রহণ করলেও সে ফেল করেছে। এনিয়ে ব্যাপক তোলপাড় শুরু হয়েছে পুরো মেহেরপুরে। অথচ বিদ্যালটিতে প্রধান শিক্ষকসহ ৪ জন শিক্ষক কর্মরত রয়েছেন।

ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী নবিননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। যে গ্রামটিতে মাত্র ৩৫ পরিবারের বসবাস। সেখানে লক্ষ লক্ষ টাকা ব্যায় করে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ২০১৯ সালে নবিননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সব মিলিয়ে মাত্র ২৯ জন শিক্ষার্থী ভর্তি হয়েছিল। এর মধ্যে ৫ম শ্রেণীতে ভর্তি হয়েছিল মিজান অঅহমেদ নামের ওই শিক্ষার্থী। অন্যান্য শ্রেণীর মধ্যে প্রাক-প্রাথমিকে ৫ জন, প্রথম শ্রেণীতে ৬জন, দ্বিতীয় শ্রেণীতে ৬ জন, তৃতিয় শ্রেণীতে ৬ জন, চতুর্থ শ্রেণীতে ৫ জন শিক্ষার্থী ভর্তি হয়।

বিধি মোতাবেক ৪০ জন শিক্ষার্থীর স্থলে একজন করে শিক্ষক থাকার কথা। অথচ মাত্র ২৯ জন শিক্ষার্থীর জন্য ওই প্রতিষ্ঠানের রয়েছেন চার জন শিক্ষক।
বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিরাজুল ইসলাম বলেন, অনেক চেষ্টা করেও আমরা ওই শিক্ষার্থীতে পাশ করাতে পারিনি। মিজান আহেমদ নামের ওই শিক্ষার্থী শারিরীক ও মানসিক ভাবে খুবই দুর্বল। ফলাফল প্রকাশের পর থেকে আমরা খবু লজ্জার মধ্যে পড়েছি।

উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিন বলেন, এটি খুবই লজ্জাজনক ঘটনা। আমরা ওই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবো। শিক্ষার্থী অনুপাতে শিক্ষক বেশি এ প্রশ্নের উত্তরে তিনি বলেন, ৪০ জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক এমন নীতি থাকলেও মিনিমাম ৫ জন শিক্ষক একটি স্কুলে থাকতে হবে। যে কারণে সেখানে চারজন শিক্ষক রয়েছে। তবে আমরা কয়েক মাস আগে এনিয়ে একটি প্রতিবেদন পাঠালেও এখনো পর্যন্ত তার কোন নির্দেশনা আসেনি।

- নিজস্ব প্রতিনিধি

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে বই উৎসব

মেহেরপুরের রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে বই উৎসব পালন করা হয়েছে।

বুধবার সকালে স্কুল প্রাঙ্গনে আনুষ্ঠানিকভাবে বাচ্চাদের হাতে নতুন বছরের বই বিনা মূল্যে তুলে দেওয়া হয়।

বই উৎসব অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের পরিচালক মিজানুর রহমান। প্রধান অতিথি হিসেবে্ছিউপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি ছিলেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সম্পাদক জাহিদ ইকবাল শিমন, বিদ্যালয়ের পরিচালক রাশেদ খান, জহিরুল ইসলাম প্রমুখ।

সঞ্চালনায় ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াহিয়া।

-নিজস্ব প্রতিনিধি

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বই উৎসব

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বই উৎসব পালন করা হয়েছে।

বুধবার সকালে প্রায় তিনশ মেয়েকে বিনা মূল্যে ২০২০ সালের নতুন বই তাদের হাতে তুলে দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান।

উৎসবমূখর পরিবেশে বাচ্চারা নতুন বই পেয়ে আনন্দঘন মূহুর্তের সৃষ্টি হয়। এসময় উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির সদস্য আবু হানিফ পল্টু, মশিউর রহমান,

সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন, মমতাজ পারভীন, শরিফুদ্দিন, আফরোজা সুলতানা, মোস্তাক আহমেদ, মতুর্জা ফারুক রুপক, জিয়াউর রহমান, রিপন আলী প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর সদরে মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদরে মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে জেলা শিল্পকলা একাডেমীতে এ সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই কমিটির সভাপতি আতাউল হাকিম লাল মিয়া।
বক্তব্য দেন উপজেলা নির্বাহী অফিসার ও মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই কমিটির সদস্য সচিব মাসুদুল আলম, সদস্য সিরাজুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা অব. ক্যাপ. আব্দুল মালেক, মুক্তিযোদ্ধা আবুল কাসেম, চাঁদ আলী, আজগর আলী, আব্দুল হালিম, হুমায়ন কবির, উমেদিন, ইদ্রিস আলী, আহাদ আলী, হায়দার আলী, মাহতাব আলী প্রমুখ।

মেহেরপুর সদর উপজেলা পরিষদের হল রুমে আগামী ৫ তারিখ কুতুবপুর ইউনিয়ন, ৬ তারিখ বুড়িপোতা ইউনিয়ন, ৭ তারিখ আমঝুপি ইউনিয়ন, ৮ তারিখ আমদহ ইউনিয়ন, ৯ তারিখ পিরোজপুর ইউনিয়ন ও ১১ থেকে ১৩ তারিখ পর্যন্ত পৌরনভার মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত

সরকারী কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন ২২ ফেব্রুয়ারি

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষনা করা হয়েছে।

আগামী ২২ ফ্রেরুয়ারী নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার সকালে প্রধান নির্বাচন কমিশনার ডা. আবুল বাশার এ তফসিল ঘোষনা করেন।

এছাড়াও ঘোষিত তফসিল অনুযায়ী ৪ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন পত্র সংগ্রহ, ১১ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন পত্র জমা নেওয়া হবে।

১৮ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার, ২০ জানুয়ার চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

২৫ জানুয়ারী সমিতির কার্যলয়ে মনোনয়ন পত্র বাছাই, ১ ফ্রেরুয়ারী প্রতীক বরাদ্দ দেওয়া হবে।

আগামি ২২ ফ্রেরুয়ারী মেহেরপুর জেলা ক্রীড়া সংন্থা কার্যলয়ে সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত ভোট গ্রহন ও বেসরকারীভাবে ফলাফল প্রকাশ করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

আমঝুপির বিভিন্ন বিদ্যালয়ে বই

উৎসব

মেহেরপুর সদর উপজেলা আমঝুপির বিভিন্ন বিদ্যালয়ে বই উৎসবে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ, স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক সহিদুল ইসলাম।

উপস্থিত ছিলেন বিশেষ অতিথি আমঝুপি আলিম মাদরাসার সহকারী শিক্ষক আব্দুল হামিদ। এছাড়া আরো উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক রাফিউল ইসলাম, শরিফ আহম্মেদ, বশির আহম্মেদ, ফারাহ হোসেন লিটন।

খোকসা ডা. মহিউদ্দীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি করেন অত্র বিদ্যালয়ের সভাপতি ও মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ।
তিনি বক্তব্যে বলেন, সারাদেশে একযুগে নতুন বই বিতরণ হচ্ছে।

যা শিক্ষার্থীদের মাঝে আনন্দের জোয়ার বয়ে নিয়ে আসে এবং এই প্রক্রিয়া বর্তমান সরকার চলমান রাখার ব্যাপারে অত্যন্ত আন্তরিক।

আমঝুপি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে প্রধান অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ ও সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন আবুল হাসান। স্বাগত বক্তব্য রাখেন রোকনুজ্জামান।

আমঝুপি সরকারী প্রাথমিক বালিকা বিদ্যালয়ে নতুন বই বিতরণে প্রধান অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ ও সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতানা পারভীন।

আমঝুপি গন্ধরাজপুর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ওমর ফারুক লিটন এবং প্রধান অতিথি হিসেবে ছিলেন হেলাল উদ্দীন। স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক কিতাব আলী।

আমঝুপি আইডিয়াল স্কুল নতুন বই বিতরণে সভাপতি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ এবং স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান অধ্যক্ষ মারুফ আহমেদ, আরো উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক আবুল কালাম, সহকারী শিক্ষক সহিদুল ইসলাম সাগর।